গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১, কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা

নং-ডিএনসিআরপি(কাগ)/মুদ্রণ/১১-২০১১/১০২ তারিখঃ ৪-৭-২০১১

সংশোধিত দরপত্র বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও পরিষদের প্রচার কার্যে ব্যবহারের লক্ষ্যে পোস্টার ও প্যাম্পলেট মুদ্রণের জন্য দরপত্র দাখিলের আহবান জানিয়ে ৩-৭-২০১১ তারিখে দৈনিক 'সমকাল' ও ৪-৭-২০১১ তারিখে দৈনিক 'ডেইলি স্টার' পত্রিকায় সংশোধিত দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত দরপত্র তফসীল বিক্রয় এবং দরপত্র দাখিল ও খোলার তারিখ ও সময়ে নিম্নরূপভাবে পুনঃ পরিবর্তন আনা হয়েছে ঃ

দরপত্র তফসীল বিক্রয়ের তারিখ ও সময় ঃ ১৩ জুলাই ২০১১ বুধবার পর্যন্ত অফিস চলাকালীন।
দাখিলের তারিখ ও সময় ঃ ১৪ জুলাই ২০১১ বৃহস্পতিবার বেলা ৩.০০টা।
খোলার তারিখ ও সময় ঃ ১৪ জুলাই ২০১১ বেলা ৩.৩০টা।

অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

মোঃ আব্দুল বাতেন মিঞা
পরিচালক

জিডি-২৯৩৭

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা

নং-সিএএবি/প্র-১/নিয়োগ/২-৩৩/২০১১/১২০৮ তারিখঃ ৩০/০৬/২০১১খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ'র নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক (পুরুষ/মহিলা) প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী পরিচালক (প্রশাসন)	০২ (দুই)	১৮৫০০-৮০০X১৪-২৯৭০০/-	৩৫ বছরের উর্ধ্বে নহে।	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি এবং সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থার প্রশাসনিক দায়িত্ব পালনে ৫(পাঁচ) বছরের প্রথম শ্রেণীর চাকুরীর অভিজ্ঞতা।
২.	বিমান পরিদর্শক	০১ (এক)	১৫০০০-৭০০X১৬-২৬২০০/-	৩০ বছরের উর্ধ্বে নহে।	(ক) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে এরোনোটিক্যাল/মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স প্রকৌশলে স্নাতক ডিগ্রিসহ বিমান রক্ষণাবেক্ষণ কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। অথবা (খ) এয়ারফ্রেম, ইঞ্জিন, ইলেকট্রিক্যাল ইনস্ট্রুমেন্ট, রেডিও ও রাডার বিষয়ে ডিপ্লোমা এবং বিমান রক্ষণাবেক্ষণে ৯ (নয়) বৎসরের অভিজ্ঞতা। অথবা (গ) বিমান রক্ষণাবেক্ষণ প্রকৌশলীরূপে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ সর্বোচ্চ ৪০ (চল্লিশ) হাজার পাউন্ড ওজনের নিম্নবর্ণিত যে কোন ক্যাটাগরির বিমান রক্ষণাবেক্ষণ প্রকৌশল লাইসেন্স থাকতে হবে। (১) ক্যাটাগরি 'এ' এয়ারফ্রেম (২) ক্যাটাগরি 'সি' ইঞ্জিন (৩) ক্যাটাগরি 'ই' ইলেকট্রিক্যাল (৪) ক্যাটাগরি 'আই' ইনস্ট্রুমেন্ট (৫) ক্যাটাগরি 'আর' রেডিও।
৩.	সহকারী প্রকৌশলী (সিভিল)	০৩ (তিন)	১১০০০-৪৯০X৭-১৪৪৩০-ইবি-৫৪০X১১-২০৩৭০/-	৩০ বছরের উর্ধ্বে নহে।	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সিভিল প্রকৌশলে স্নাতক ডিগ্রি।
৪.	সহকারী প্রকৌশলী (ই/এম)	০৩ (তিন)	১১০০০-৪৯০X৭-১৪৪৩০-ইবি-৫৪০X১১-২০৩৭০/-	৩০ বছরের উর্ধ্বে নহে।	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল প্রকৌশলে স্নাতক ডিগ্রি।
৫.	এরোড্রাম কর্মকর্তা (অগ্নি)	০১ (এক)	১১০০০-৪৯০X৭-১৪৪৩০-ইবি-৫৪০X১১-২০৩৭০/-	৩০ বছরের উর্ধ্বে নহে। বিভাগীয় প্রার্থীর জন্য ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে রসায়নসহ স্নাতক ডিগ্রি।
৬.	ভান্ডার কর্মকর্তা	০১ (এক)	১১০০০-৪৯০X৭-১৪৪৩০-ইবি-৫৪০X১১-২০৩৭০/-	৩০ বছরের উর্ধ্বে নহে।	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা, অংক অথবা পরিসংখ্যানে অন্যূন প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি।
৭.	সহকারী এরোড্রাম কর্মকর্তা	০৯ (নয়)	১১০০০-৪৯০X৭-১৪৪৩০-ইবি-৫৪০X১১-২০৩৭০/-	৩০ বছরের উর্ধ্বে নহে। বিভাগীয় প্রার্থীর জন্য ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা অথবা অংকে অন্যূন প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি।
৮.	সহকারী যোগাযোগ প্রকৌশলী	০৪ (চার)	১১০০০-৪৯০X৭-১৪৪৩০-ইবি-৫৪০X১১-২০৩৭০/-	৩০ বছরের উর্ধ্বে নহে। বিভাগীয় প্রার্থীর জন্য ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা অথবা অংকে অন্যূন প্রথম শ্রেণীর স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিদ্যুৎ প্রকৌশলে স্নাতক ডিগ্রি।
৯.	সহকারী যোগাযোগ কর্মকর্তা	০৩ (তিন)	১১০০০-৪৯০X৭-১৪৪৩০-ইবি-৫৪০X১১-২০৩৭০/-	৩০ বছরের উর্ধ্বে নহে। বিভাগীয় প্রার্থীর জন্য ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, অংক অথবা পরিসংখ্যানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি।
১০.	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)	০১ (এক)	৮০০০-৪৫০X৭-১১১৫০-ইবি-৪৯০X১১-১৬৫৪০/-	৩০ বছরের উর্ধ্বে নহে	সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা
১১.	উপ-সহকারী প্রকৌশলী (ই/এম)	১৭ (সতের)	৮০০০-৪৫০X৭-১১১৫০-ইবি-৪৯০X১১-১৬৫৪০/-	৩০ বছরের উর্ধ্বে নহে	বিদ্যুৎ অথবা মেকানিক্যাল প্রকৌশল ডিপ্লোমা।

০২। আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে **স্বহস্তে বাংলায়** লিখিত দরখাস্তে নিম্নবর্ণিত তথ্যাদি অবশ্যই থাকতে হবেঃ
(ক) নাম (বাংলা ও ইংরেজি) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা
(ঙ) স্থায়ী ঠিকানা (চ) নিজ জেলা (ছ) জন্ম তারিখ (জ) ৩০/০৬/২০১১ তারিখে বয়স
(ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে)

০৩। দরখাস্তের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবেঃ
(ক) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি। এক কপি আঠা দিয়ে দরখাস্তের সাথে লাগিয়ে দিতে হবে এবং অন্য দুই কপি দরখাস্তের সাথে Staple করে দিতে হবে।
(খ) কর্তৃপক্ষ'র চেয়ারম্যান এর অনুকূলে (অফেরতযোগ্য) ২০০/- (দুইশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
(গ) শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত সকল সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত কপি।
(ঘ) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি।
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(চ) বিশেষ কোটা অর্থাৎ মুক্তিযোদ্ধার সন্তান, এতিম, প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে তার পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদ, উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রার্থীর ক্ষেত্রে মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি। **দরখাস্তের উপরে অবশ্যই সংশ্লিষ্ট কোটার নাম উল্লেখ করতে হবে।**

০৪। আবেদনপত্র আগামী ৩১/০৭/২০১১ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার এর মাধ্যমে পৌঁছাতে হবে। আবেদনপত্র সরাসরি জমাদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিবের কক্ষে রক্ষিত বাক্সে নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান করা যাবে।

০৫। প্রার্থীদের বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। প্রার্থীর বয়স ৩০/০৬/২০১১ তারিখে উল্লিখিত সীমার মধ্যে থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানদের কোটায় আবেদনকারীর সর্বোচ্চ বয়স ৩২ (বত্রিশ) বছরের অধিক হবে না।

০৬। পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৭। ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ, নির্ধারিত সময়ের পর প্রাপ্ত দরখাস্ত এবং চাহিত কাগজাদি প্রদান করা না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৮। চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। **খামের উপরে প্রার্থীত পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটার নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।**

১০। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১১। নিয়োগ সংক্রান্ত তথ্যাদি অত্র কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.caab.gov.bd) হতেও জানা যাবে।

১২। সকল প্রকার সত্যায়নে সত্যায়নকারী প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং সত্যায়নকারীর নাম, পদবী ও কর্মরত প্রতিষ্ঠানের ঠিকানাসহ সীলমোহর অবশ্যই থাকতে হবে।

১৩। বেবিচ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং এ নিয়োগের ক্ষেত্রে অত্র কর্তৃপক্ষ'র সিদ্ধান্তই চূড়ান্ত।

সিএএবি/পিআর-১০২/২০১১/৬১৭
তারিখঃ ০৩/০৭/২০১১খ্রিঃ

মোঃ আব্দুস সালাম সরকার
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

জিডি-২৯২৩

Government of the People's Republic of Bangladesh

Ministry of Communications
Bridges Division
Bangladesh Bridge Authority
Setu Bhaban
New Airport Road, Banani, Dhaka

Memo No. 50.301.000.00.00.005.2011-609 Dated: 30/06/2011

Corrigendum No. 4

Subject: **Construction of "Dhaka-Ashulia Elevated Expressway on Public-Private Partnership (PPP) basis".**

Ref: 1. BBA's Memo No. 50.301.000.00.00.005.2011-194, Dated: 07/03/2011
2. BBA's Memo No. 50.301.000.00.00.005.2011-298, Dated: 07/04/2011
3. BBA's Memo No. 50.301.000.00.00.005.2011-396, Dated: 05/05/2011
4. BBA's Memo No. 50.301.000.00.00.005.2011-486, Dated: 02/06/2011

As requested by the representatives of different firms/companies during the Investment Promotion Meeting (pre-bid meeting) on 30 June, 2011, Bangladesh Bridge Authority is pleased to extend for submission of the pre-qualification documents of Dhaka-Ashulia Elevated Expressway PPP Project at **12:00 hours on 14th August 2011 instead of 31st July, 2011.**

All other terms and conditions will remain same.

This Corrigendum will be available at Bangladesh Bridge Authority (BBA) website: www.bba.gov.bd

Md. Abdul Wadud
Chief Engineer
Bangladesh Bridge Authority
Setu Bhaban, New Airport Road, Banani, Dhaka
Tel: 880-2-9888969, Fax: 880-2-9888414
E-mail: wadud_52@yahoo.com

GD-2929

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

খুলনা

কেডিএ'র ঢাকাস্থ লিয়াজোঁ অফিস ভবনের ভাড়ার বিজ্ঞপ্তি

কেডিএ'র ঢাকাস্থ নিকুঞ্জ-২, প্লট নং-২২/বি, ফারুক সরনীতে ৯ (নয়) তলা ভবনের গ্রাউন্ড ফ্লোর হতে ৭ম তলা পর্যন্ত একত্রে অথবা অংশ বিশেষ সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/প্রাইভেট কোম্পানী বা কোন প্রতিষ্ঠানের অফিস হিসাবে অথবা বাণিজ্যিক হিসাবে নিম্নোক্ত শর্তে ব্যবহারের জন্য ০৫ (পাঁচ) বৎসর মেয়াদে ও মেয়াদান্তে নবায়নের শর্তে ভাড়া দেওয়া হবে। কেডিএ'র নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে টেন্ডার আহ্বান করা যাচ্ছে। টেন্ডার ফরম নগদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) মূল্যে অত্র কর্তৃপক্ষের অভ্যর্থনা কক্ষ থেকে ০৩/০৮/২০১১ইং তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে। টেন্ডার ফরম বিডি আগামী ০৪/০৮/২০১১ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে কেডিএ'র সচিব মহোদয়ের অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে ফেলা যাবে। কেডিএ'র ওয়েবসাইট www.kda.gov.bd হতেও টেন্ডার ফরম ডাউনলোড করে ব্যবহার করা যাবে। প্রাপ্ত টেন্ডারসমূহ ঐ দিনই বেলা ২.০০ ঘটিকায় কেডিএ'র সম্মেলন কক্ষে উপস্থিত টেন্ডারদাতাদের সম্মুখে খোলা হবে। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট থেকে জানা যেতে পারে।

সিনিয়র বৈষয়িক অফিসার
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা
ফোন- (০৪১) ৭২১০২৬
মোবাইলঃ ০১৭১১৮২৫৩০৮

জিডি-২৯৩৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
মনিটরিং সেল
ভবন নং-৬ (২১ তলা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-অম/অবি/মনিঃ/যানবাহন-৪(অ:ঘো:)/১০/১৬৬ তারিখ: ২৯.০৬.২০১১ইং

বিক্রয় বিজ্ঞপ্তি

অর্থ বিভাগের মনিটরিং সেলের ১৯৯০ মডেলের ১ (এক)টি অকেজো ঘোষিত টয়োটা মাইক্রোবাস "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। অকেজো ঘোষিত টয়োটা মাইক্রোবাস বিক্রয়ের দরপত্র সিডিউল নগদ ৩০০/- (তিনশত) টাকা (অফেরতযোগ্য) প্রদান করে আগামী ১৩/০৭/২০১১ তারিখ পর্যন্ত যে কোন দিন অফিস চলাকালীন সময়ে প্রশাসনিক কর্মকর্তা, মনিটরিং সেল, অর্থ বিভাগ, কক্ষ নং-২০১৩, ভবন নং-৬ (২১ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর নিকট হতে সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রি করা হবে না। দরপত্র দাখিলের সময় সিডিউল ক্রয়ের মূল রশিদ দরপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে। দরপত্র সিডিউল ক্রয়ের পর হতে ১৩/০৭/২০১১ তারিখ পর্যন্ত যে কোন দিন অফিস চলাকালীন সময়ে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের পক্ষে মনোনীত ব্যক্তি বাংলাদেশ সচিবলয়ের অভ্যন্তরে রক্ষিত অকেজো ঘোষিত মাইক্রোবাসটি সরজমিনে পরিদর্শন করতে পারবেন। দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান দরপত্রে উদ্বৃত্ত মূল্যের ১০% অর্থ জামানত হিসাবে (ফেরতযোগ্য) প্রশাসনিক কর্মকর্তা ও ডিডিও, মনিটরিং সেল, অর্থ বিভাগ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সাথে দাখিল করতে হবে। দরপত্র আগামী ১৪/০৭/২০১১ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১-৩০ ঘটিকা পর্যন্ত ৬নং ভবনের ২১ তলায় ২০০৬ নং কক্ষে রক্ষিত বক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিন দুপুর ২-০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। কার্যাদেশ প্রাপ্ত দরদাতাকে জামানত বাবদ জমাকৃত টাকা বাদ দিয়ে দরপত্রে উদ্বৃত্ত মূল্যের অবশিষ্ট টাকা প্রশাসনিক কর্মকর্তা ও ডিডিও, মনিটরিং সেল, অর্থ বিভাগ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে এবং সরকারি বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

মোঃ আবদুর রব খান
পরিচালক
ফোন: ৯৫৭১৯৮৭

জিডি-২৯২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৫, ঢাকা
২৮/এফ, সেগুনবাগিচা (৩য় তলা), ঢাকা

নথি নং-৫ই-৪/অংশ-৫/কঅ-৫/২০১১-২০১২/০২ তারিখঃ ০৩/০৭/২০১১খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) তারিখঃ ২৪/১১/২০১০খ্রিঃ অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-২ এর পত্র নং সংখ্যা ০৮.০৩২.০১১.০০.০০.০২১.২০১১-৩৩৪/১(৫) তারিখঃ ০৬/০৬/২০১১খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৭(২)কর প্রঃ-২/২০০৬/(অংশ-১)/৪৩১(৩) তারিখঃ ০৯/০৬/২০১১খ্রিঃ অনুযায়ী কর কমিশনার, কর অঞ্চল-৫, ঢাকা এর অধীনে শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগের নিমিত্তে ঢাকা বিভাগের অন্তর্গত নিম্নে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দাদের নিকট হইতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাইতেছেঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সব জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন
১	২	৩	৪	৫
১	সাঁট-লিপিকার-কাম কম্পিউটার অপারেটর ৫,৫০০-১২,০৯৫/-	০২ (দুই)টি	১। যে কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ২। বাংলায় ও ইংরেজিতে সাঁটলিপি লিখনে ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ। ৩। বাংলায় ও ইংরেজিতে টাইপের গতি ন্যূনতম প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২৫ শব্দ। ৪। কম্পিউটার ব্যবহারে দক্ষ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।	গাজীপুর জেলা ব্যতীত ঢাকা বিভাগের সকল জেলা।
২	উচ্চমান সহকারী ৫,২০০-১১,২৩৫/-	০৮ (আট)টি	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, জামালপুর ও নেত্রকোনা জেলা ব্যতীত ঢাকা বিভাগের অন্যান্য জেলা।
৩	সাঁট-মুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর ৫,২০০-১১,২৩৫/-	০৯ (নয়)টি	১। যে কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ২। বাংলায় ও ইংরেজিতে সাঁটলিপি লিখনে ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ। ৩। বাংলায় ও ইংরেজিতে টাইপের গতি ন্যূনতম প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২৫ শব্দ। ৪। কম্পিউটার ব্যবহারে দক্ষ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।	মানিকগঞ্জ, নরসিংদী ও নেত্রকোনা জেলা ব্যতীত ঢাকা বিভাগের অন্যান্য জেলা।
৪	গাড়িচালক ৪,৭০০-৯,৭৪৫/-	০২ (দুই)টি	অষ্টম শ্রেণী পাস	গাজীপুর, মানিকগঞ্জ ও টাঙ্গাইল জেলা ব্যতীত ঢাকা বিভাগের অন্যান্য জেলা।
৫	নোটিশ সার্ভার ৪,১০০-৭,৭৪০/-	১২ (বার)টি	অষ্টম শ্রেণী পাস	ঢাকা, নরসিংদী, জামালপুর, টাঙ্গাইল ও নেত্রকোনা জেলা ব্যতীত ঢাকা বিভাগের অন্যান্য জেলা।
৬	এমএলএসএস ৪,১০০-৭,৭৪০/-	১৩ (তের)টি	অষ্টম শ্রেণী পাস	ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নরসিংদী, ফরিদপুর ও নেত্রকোনা জেলা ব্যতীত ঢাকা বিভাগের অন্যান্য জেলা।
৭	নৈশ প্রহরী ৪,১০০-৭,৭৪০/-	০১ (এক)টি	অষ্টম শ্রেণী পাস ও সু-স্বাস্থ্যের অধিকারী	শুধুমাত্র ময়মনসিংহ, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল জেলার প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।

শর্তাবলীঃ

১. আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম, (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ৩০/০৬/২০১১ইং তারিখে বয়স সর্বনিম্ন ১৮ (আঠার) বছর হইতে হইবে (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) অভিজ্ঞতা (যদি থাকে) (ঞ) জাতীয়তা (ট) ধর্ম (ঠ) জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে) (ড) নিজ জেলার নাম উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ২৫/০৭/২০১১ইং তারিখের মধ্যে, **কর কমিশনার, কর অঞ্চল-৫, ২৮/এফ, সেগুনবাগিচা-১০০০** এর বরাবরে অফিস চলাকালীন সময়ে সাধারণ ডাকযোগে অথবা অফিসে সংরক্ষিত বাক্সে পৌছাইতে হইবে।

২. আবেনপত্রের সহিত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করিতে হইবেঃ
(ক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হইতে নামাঙ্কিত সীলমোহরসহ প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও সাম্প্রতিক সময়ে তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র এবং আনুষাঙ্গিক কাগজপত্রাদি।

৩. সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য সরকার কর্তৃক স্বীকৃত/অনুমোদিত প্রতিষ্ঠান হইতে সাঁটলিপি লিখন ও কম্পিউটার টাইপের গতি সনদের সত্যায়িত কপি (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক) দাখিল করিতে হইবে।

৪. ৩০/০৬/২০১১ইং তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮ বৎসর ও সর্বোচ্চ বয়সসীমা ৩০ বৎসরের বেশি হইবে না এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোনরূপ এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

৫. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পোষ্যদের ক্ষেত্রে অবশ্যই সরকারের সর্বশেষ সার্কুলার অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেটের অনুলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করাইয়া দাখিল করিতে হইবে।

৬. মুক্তিযোদ্ধা, মহিলা, এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য, উপজাতীয় প্রার্থীদের কোটা সরকারি নীতিমালা অনুযায়ী সংরক্ষণ করা হইবে। এই সকল প্রার্থীকে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এতদ্‌সংক্রান্ত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপিসহ আবেদনপত্র দাখিল করিতে হইবে।

৭. সরকারি চাকুরীতে নিয়োজিত কর্মচারীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। এই ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য নহে এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হইবে না।

৮. এই নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান মোতাবেক সকল প্রকার কোটা পদ্ধতি অনুসরণ করা হইবে।

৯. দরখাস্তের সহিত পরীক্ষার ফি বাবদ "উপকর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-৫, ঢাকা এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হইতে পে-অর্ডার ১ হইতে ৪ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য অফেরতযোগ্য ১০০/- টাকা এবং ৫ হইতে ৭ নং-ক্রমিকে উল্লেখিত পদের জন্য ৫০/- টাকা আবেদনপত্রের সাথে দাখিল করিতে হইবে।

১০. আবেদনপত্র কর কমিশনার, কর অঞ্চল-৫, ঢাকার কার্যালয়ে রক্ষিত বাক্সে আগামী ২৫/০৭/২০১১ইং তারিখের মধ্যে পৌছাইতে হইবে অথবা সাধারণ ডাকযোগে প্রেরণ করিতে হইবে। অথবা কর কমিশনারের কার্যালয়ে রক্ষিত বক্সে অফিস চলাকালীন সময়ে জ